গাংনীতে মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা

গাংনী উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। আজ শনিবার (৬ মে) সকাল সাড়ে ১০ টার সময় গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার নজরুল ইসলাম। মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মোঃ মুকবুল হোসেন। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী।

অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন বীর মুক্তি যোদ্ধা আশরাফ মাস্টার, মুক্তিযোদ্ধা আবুল হাশেম, মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, মুক্তিযোদ্ধা জামাত আলী, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, মুক্তিযোদ্ধা হযরত আলীসহ গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নের ইউনিটের বীর মুক্তিযোদ্ধা গণ।

মতবিনিময় সভা সঞ্চালনায় ছিলেন মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান।

ছুটির দিনে পরীক্ষা নিলেন গাংনীর কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়

সরকারি আদেশ বৃদ্ধাঙ্গলি দেখিয়ে ছুটির দিনে পরীক্ষা নিলেন গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়সহ কয়েকটি বিদ্যালয়।

সরকারি ছুটির দিনে অষ্টম, নবম ও দশম শ্রেনীর পরীক্ষা নেওয়া হচ্ছে। এতে ওই বিদ্যালয়ের শিক্ষার্থীও শিক্ষকদের মধ্যে চাপা

ক্ষোভ বিরাজ করছে।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন পরীক্ষার্থী জানালেন, প্রধান শিক্ষক আফজাল হোসেন ছুটির দিনে পরীক্ষা নিচ্ছেন। এটা আমাদের ইচ্ছার বাইরে। শিক্ষকরাও বিষয়টি নিয়ে বেশ ক্ষিপ্ত। তারা জানান, ছুটির দিন নিজের পরিবারকে একটু সময় দেবো। অথচ, প্রধান শিক্ষক একই সিদ্ধান্ত নিয়ে পরীক্ষা নিচ্ছেন।

এব্যাপারে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন বলেন, রমজান মাসে দীর্ঘ একটি ছুটি ছিল। এছাড়া আমার বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার কেন্দ্র হওয়াতে ছুটির সংখ্যা আরো বেড়েছে। তাই পরীক্ষা নিয়ে সময়টা বাচানো হচ্ছে।
এব্যারে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার বলেন, শিক্ষার্থীদের ভালোর জন্য এটা হয়তো বা নিচ্ছেন। কিন্তু সরকারি নিয়ম অনুযায়ী ছুটির দিনে পরীক্ষা নেওয়ার কোনো নিয়ম নেই।

গাংনীতে স্বামীর পুরষাঙ্গ ছিড়ে দিলেন স্ত্রী

পান থেকে চুন খসলেই স্ত্রীকে পেটান কৃষক আব্দুল মালেক। মায়ের কথা শুনে বউ পেটানোর অপরাধে আগের ৩ বউ তাকে তালাক দিয়ে চলে গেছে। চতুর্থ বারের মত গার্মেন্টস কর্মী রিয়া খাতুনকে বিয়ে করেন ২ বছর আগে। এখন ঘরে একটি সন্তান। মায়ের কথা শুনে প্রায়ই রিয়ার উপর অকথ্য নির্যাতন চালান আব্দুল মালেক।

প্রতিদিনের ন্যায় আজ শুক্রবার দুপুরে রিয়া খাতুনকে তার স্বামী আব্দুল মালেক ও শাশুড়ি ঝাড়ু দিয়ে পেটাতে থাকেন। এক পর্যায়ে আত্ম রক্ষার্থে রিয়া খাতুন তার স্বামী আব্দুল মালেকের লিঙ্গ ধরে স্বজোরে টান দেন। এতে স্বামীর পুরুষাঙ্গ উপড়ে যাওয়ার উপক্রম হয়েছে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক

আবীর হাসান বলেন, আব্দুল মালেকের পুরুষাঙ্গ ভিতর থেকে বের হয়ে আসার উপক্রম হয়েছে। তার পুরুষাঙ্গ ৪ টি সেলাই দেওয়া হয়েছে। বর্তমানে তাকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

আহত আব্দুল মালেক বলেন, ঘরে একটি মুরগী মলত্যাগ করেছে। এটি আমার মা স্ত্রীকে বললে সে ক্ষিপ্ত হয়ে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করছিল। আমি তাকে নিষেধ করাই আমাকেও গালাগাল শুরু করে। আমি তাকে ঝাড়ু দিয়ে একটি কোপ দেওয়ায় আমার লিঙ্গ ধরে সে টানাটানি শুরু করে।

এদিকে রিয়া খাতুন অভিযোগ করেন আমার স্বামী তার মায়ের কথা শুনে আমার উপর প্রায় নির্যাতন করে আসছিল। আজকে আমার শাশুড়ি ছেলেকে উস্কে দিলে আমাকে মারপিট শুরু করে। নিজের আত্মরক্ষার্থে তার লিঙ্গ ধরে টান মেরে আমি প্রানে বেঁচেছি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, এঘটনায় স্ত্রী রিয়া খাতুনকে তার বাড়ি থেকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। আইনগত বিষয় এখন প্রক্রিয়াধীন।

গাংনীতে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ উপজেলা ও পৌর শাখার কমিটি গঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর শাখার বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কমিটি গঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৪ই মে) সকাল সাড়ে দশটার দিকে গাংনী সরকারি ডিগ্রি কলেজে অধ্যক্ষ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের জেলা শাখা সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও

গবেষণা পরিষদ মেহেরপুর জেলা শাখার সহসভাপতি সিরাজুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মো: রফিকুল ইসলাম, মেহেরপুর শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

অনুষ্ঠানে অধ্যক্ষ মনিরুল ইসলামকে সভাপতি ও আলহাজ্ব শফি কামাল পলাশকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী উপজেলা শাখা এবং আ.লীগ নেতা একরামুল হককে সভাপতি ও সাংবাদিক নুরুজ্জামান পাভেলকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী পৌর শাখার কমিটি গঠন করা হয়।

গাংনীর মহাম্মদপুরে আব্দুল আলীম হত্যা মামলার আসামী গ্রেফতার

গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধে আব্দুল আলীম ওরফে আলেহিম নামের এক ভ্যানচালককে কুপিয়ে হত্যা মামলায় আব্দুল হান্নান নামের একজন কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ বুধবার রাত সাড়ে ৯টার দিকে খলিশাকুন্ডি এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আব্দুল হান্নান হত্যা মামলার ৪ নম্বর আসামী ও মহম্মদপুর গ্রামের আব্দুল কাদেরের ছেলে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, আব্দুল আলীম ওরফে আলেহিম হত্যা মামলার ৪ নম্বর আসামী আব্দুল হান্নান খলিশাকুন্ডি বাজারের দিকে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলামের নির্দেশনায় এবং অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হাসেন নেতৃত্বে গাংনীর ওসি আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামী আব্দুল হান্নানকে আদালতে সোপর্দ করা হবে।

গাংনী থানা সুত্রে জানাগেছে, গত ২৮এপ্রিল শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের পূর্বপাড়া মাঠে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে আব্দুল গণির ছেলে আব্দুল আলীম ওরফে আলেহিম (৫০) নামের এক ভ্যান চালককে উপর্যপুরি কুপিয়ে হত্যা করে প্রতিপক্ষরা। এ ঘটনায় ২৯ এপ্রিল ২০২৩ ইং তারিখে নিহত আব্দুল আলীমের স্ত্রী মনোয়ারা খাতুন বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করে। যার মামলা ন-৩১। মামলায় দুই নারীসহ মোট ১০ জনকে আসামী করা হয়।

আসামীরা হলো- আব্দুল কাদেরের ছেলে সাইদুল ইসলাম, তার ছেলে সেন্টু মিয়া, কাদেরের ছেলে আব্দুল হান্নান,বান্টু মিয়া, হান্নানের দুই ছেলে রাশেদুল ইসলাম ও রাসেল, আব্দুল হান্নানের স্ত্রী কুটিলা বেগম,বিল্লালের স্ত্রী ময়না খাতুন, ইয়াকুব আলী ও লিটন হোসেন।

মামলাটি তদন্তকারি কর্মকর্তা হিসেবে দায়িত্ব দেয়া হয় গাংনী থানার এসআই পিন্টু কুমার মন্ডলকে। মামলার অন্যান্য আসাীদেরর দ্রত সময়ের মধ্যে গ্রেফতার করা হবে বলে জানান ওসি আব্দুর রাজ্জাক।

গাংনীতে‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়

‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ বাস্তবায়নে গাংনীতে ইউপি চেয়ারম্যান ও প্রবীণ ফুটবল খেলোয়াড়দের সাথে প্রস্তুতিমুলক সভা করেছে টুর্ণামেন্ট আয়োজক কমিতি।

আজ মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির আহবানে প্রস্তুতিমুলক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাংনী উপজেলার কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

দৈনিক মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্টের আয়োজক কমিটির আহবায়ক ও মেহেরপুরের প্রাক্তণ ফুটবল খেলোয়াড় এমদাদুল হক,সদস্য সচিব মাহাবুব চান্দু,সদস্য আমিরুল ইসলাম অল্ডাম,আজমাইন হোসেন,মনিরুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন,ফুটবল মানুষের প্রাণের খেলা। গ্রাম গঞ্জের মানুষ ফুটবল খেলাকে এখনও হৃদয়ে লালন করে। কিন্তু বর্তমান সময়ে তরুণ ও যুব সমাজ আনন্দদায়ক খেলা থেকে সময় পরিবর্তনের সাথে সাথে মুখ ফিরিয়ে নিচ্ছে। বিভিন্ন নেশায় আসক্ত হয়ে ধ্বংশ হচ্ছে যব সমাজ। যুব সমাজকে আবারও ফুটবলের দিকে ফিরিয়ে আনতে এবং মাদক থেকে দুরে রাখতে মেহেরপুর জেলার একমাত্র সরকার অনুমোদিত আঞ্চলিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন বর্ণাঢ্য ও ব্যাতিক্রমধর্মী ফুটবল টুর্ণামেন্টের আয়োজন করেছে। এ টুর্ণামেন্ট মেহেরপুর জেলার ১৮টি ইউনিয়ন ও দুইটি পৌরসভাসহ মোট ২০ দল অংশ গ্রহন করবে। খেলাটি নির্ভুল ও সকলের কাছে গ্রহনযোগ্যতা ও স্বচ্ছতার নিমিত্তে বিভিন্ন ক্যামেরার মাধ্যমে রিপ্লে সম্প্রচার করবে।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের এই আয়োজন মেহেরপুর জেলার সব প্রান্ত থেকে টুর্ণামেন্টে অংশগ্রহনকারি বিজয়ীদের জন্য থাকবে জন্য থাকবে পুরুস্কার। খেলায় প্রতিযোগীদের মধ্যে কেউ জেলার বাইরে থেকে অংশ গ্রহন করতে পারবেনা। এমনকি ভিন্ন জেলা থেকে কোন খেলোয়াড় অংশ গ্রহন করতে পারবেনা।

দৈনিক মেহেরপুর প্রতিদিন পরিবারের এমন আয়োজনকে স্বাগত জানিয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দরা জানান, সময় উপযোগী পদক্ষেপ নিয়েছে দৈনিক মেহেরপুর প্রতিদিন কৃর্তপক্ষ। বর্তমান সময়ে যুব সমাজ মোবাইল গেমে আসক্ত হয়ে পড়েছে। বর্তমানে খেলাধুলা না করায় যুব সমাজ হচ্চে বিপথগামী। এসকল যুবকদের আবারও খেলাধুলায় আগ্রহী করে তুলতে মেহেরপুর প্রতিদিন কতৃপক্ষ সময় যুগপোযোগী পদক্ষেপ নিয়েছে। আমরা সকলেই এই টুর্ণামেন্টে অংশ গ্রহন করে মেহেরপুর জেলাবাসীকে উপহার

দিতে চাই একটি উত্তেজনাকর ও স্বরণীয় ফুটবল টুর্ণামেন্ট।

গাংনীতে বিদ্যুত স্পৃষ্টে গার্মেন্টস কর্মীর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামে বিদ্যুত স্পৃষ্ট হয়ে আব্দুলাহ (২৭) নামের এক গার্মেন্টস কর্মীর মৃত্যু হয়েছে। নিহত আব্দুলাহ ভোলাডাঙ্গা গ্রামের মুনসুর আলীর ছেলে। আব্দুল্লাহ ঢাকার একটি গার্মেন্টসে চাকরী করছিলেন।

মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে ভোলাডাঙ্গা গ্রামের আব্দুল মালেক এর বাড়িতে বিদ্যুত চালিত মোটর (সেচপাম্প) মেরামত করার সময় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,আব্দুলাহ ঢাকার একটি গার্মেন্টসে চাকরী করছিলেন। গেলো ঈদুল ফিতরের ছুটিতে তিনি ঢাকা থেকে বাড়িতে আসছিলেন। মঙ্গলবার তার দোলা ভাই একই গ্রামের আব্দুল মালেক এর বাড়িতে নষ্ট হয়ে যাওয়া মোটর (সেচপাম্প) মেরামত করছিলেন। অসাবধানবশত বিদ্যুত লাইনের তারে শরীরে স্পর্শ করে। এসময় আব্দুলাহ মারাত্বক ভাবে আহত হন। প্রতিবেশীরা তাকে উদ্ধার করে স্থানীয় একটি চিকিৎসা কেন্দ্রে নিলে,কর্তব্যত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনীতে খাস জমিতে ঘর বানানোকে কেন্দ্র করে

সংঘর্ষে, আহত-৩

গাংনী উপজেলার পিরতলা গ্রামে সরকারি খাস জমিতে ঘর বানানোকে কেন্দ্র করে সৃষ্ঠ সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ ৩ জন গুরুতর আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আজ সোমবার (১ মে) সকালের দিকে পিরতলা গ্রামের পশ্চিমপাড়া এলাকায় এই সংঘর্ষের ঘটনা ঘটেছে।

আহতরা হলেন, আইনাল হোসেনের স্ত্রী শিল্পী খাতুন (২৫), ছিদ্দিক আলীর ছেলে লিমন হোসেন (১৮) ও অপরপক্ষের আলতাব হোসেনের ছেলে মাহফুজ হোসেন (২৮)।

আহতদের মধ্যে লিমন হোসেন ও শিল্পী খাতুনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মাহফুজ হোসেনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত শিল্পী খাতুন জানান, ১ শতক সরকারি খাস জমিতে আমি ঘর তৈরী করছিলাম। এসময় প্রতিপক্ষ মাহফুজ হোসেন তাতে বাধা দিয়ে আমার উপর হামলা করে।

অপরদিকে মাহফুজ হোসেন বলেন, লিমন একজন মাদকাসক্ত। তাই মাদক সেবন করে এসে আমার উপর হামলা চালিয়েছে।

এঘটনায় উভয় মামলার প্রস্তুতি নিচ্ছেন বলে জানান তারা।

মেহেরপুরে ২ আসামি গ্রেফতার করেছে পুলিশ

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের অভিযানে দুই আসামি গ্রেফতার হয়েছে।
গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছে মাদক মামলার ১ ও হত্যা মামলার ১

আসামি।
গাংনী থানা পুলিশের অভিযানে ১১০ গ্রাম গাঁজাসহ ১ জনকে গ্রেফতার ও মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে হত্যা মামলার পলাতক আসামি গ্রেফতার হয়েছে।
গাংনী থানা ও মেহেরপুর সদর থানা পুলিশ এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে তীব্র তাপদহের পর স্বস্তির বৃষ্টি

গেল কয়েকদিন ধরে মেহেরপুরের গাংনীতে সারাদিন তীব্র তাপদাহ থাকলেও বিকেল হতে না হতেই শুরু হয় বৈরী আবহাওয়া। মুহুর্তের মধ্যে শুরু হয় ঝড়। ঝড়ের ফলে ধুলোবালি উড়ে অন্ধকার হয়ে যায় চারপাশের পরিবেশ।

গত (২৮ ও ২৯শে এপ্রিল) আকাশে কালো মেঘের ঘনঘটা আর ঝড় হলেও কয়েক ফোটা বৃষ্টির পানি পড়ে থমথমে হয়ে যায় পরিবেশ। তবে আজ রবিবার সারাদিন তীব্র তাপদাহ থাকলেও বিকেলের আকাশে কালো মেঘের ঘনঘটা থেকে শুরু হয় প্রচন্ড বৃষ্টি। সারাদিনের তীব্র গরমের মধ্যে ঘন্টাব্যাপী এ বৃষ্টি স্বস্তি এনে দেয়। সটানা কয়েকদিনের অপেক্ষা আর বৈরী আবহাওয়ার পর আজকের ঘন্টাব্যাপী বৃষ্টিতে স্থবির হয়ে যায় চারপাশ। রাস্তাঘাটে মানুষের চলাচল বন্ধ থাকে বৃষ্টি শেষ না হওয়া পর্যন্ত। বৃষ্টির সাথে সাথে বিদ্যুৎয়ের ঝলকানি আর গুড়ুম গুড়ুম শব্দে ভারী হয়ে ওঠা প্রকৃতি অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়।

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মাদ্রাসা বাজারে প্রতিদিনের মতো ঝালমুড়ি বিক্রি করতে বসেছিলেন মহব্বত আলী। কিন্তু তীব্র বৃষ্টির ফলে তলপিতলপা গুটিয়ে নিতে হয় তাকে। তিনি জানান, গত দুদিন খারাপ আবহাওয়া হলেও ঝড়বৃষ্টি হয়নি তেমন। কিন্তু আজকে প্রচন্ড বৃষ্টির সাথে বাতাস হওয়ায় আমার ঝালমুড়ির অস্থায়ী দোকান নিয়ে টিকে থাকতে পারিনি।

বামন্দী কাজিপুর সড়কে প্রতিদিন দুবেলা চলাচল করেন জিল্লুর রহমান।

তিনি বলেন, আজ সারাদিন তীব্র গরম পড়েছে। ঘেমে একাকার অবস্থা। বৃষ্টি হয়ে শান্তি লাগছে।